

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রশাসন-১ শাখা
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক,
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নং: ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-১২৯৬

তারিখ ২২ অগ্রহায়ণ, ১৪২৭
০৭ ডিসেম্বর, ২০২০

বিজ্ঞপ্তি

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ৭(ঝ) ধারা অনুযায়ী “প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন” পূর্বক সরকারের নিকট সুপারিশ করার এখতিয়ার উক্ত কাউন্সিলের উপর ন্যস্ত রয়েছে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) এর ৭১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আইনের ধারা ৭(ঝ) ব্যত্যয় ঘটিয়ে জামুকার অনুমোদন ব্যতীত যেসব বেসামরিক গেজেট প্রকাশিত হয়েছে, প্রকৃত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা প্রকাশের অংশ হিসেবে সেসব বেসামরিক গেজেট যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই এর আওতাধীন গেজেটসমূহের একটি তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত গেজেটসমূহে বর্ণিত বীর মুক্তিযোদ্ধাগণকে কমপক্ষে ৩ (তিন) জন ভারতীয়/লাল মুক্তিবর্তা তালিকাভুক্ত সহযোদ্ধা/সহপ্রশিক্ষণ গ্রহীতা সাক্ষী ও প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করতে হবে।

২। কোন ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তিনি কোন্ যুদ্ধে অংশগ্রহণ করেছেন, তাও ৩ (তিন) জন ভারতীয়/লাল মুক্তিবর্তা তালিকাভুক্ত বীর সহমুক্তিযোদ্ধার মাধ্যমে প্রমাণ করতে হবে।

৩। আগামী ১৯/১২/২০২০ তারিখ সকাল ১০ টায় উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মহানগর পর্যায়ে জেলা প্রশাসক কার্যালয়ে উক্ত যাচাই-বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। ভারতীয়/লাল মুক্তিবর্তা তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে উক্ত যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ওয়েবসাইট (www.jamuka.gov.bd) এ প্রকাশিত হয়েছে।


০৭/১২/২০২০

(মোঃ জহুরুল ইসলাম রোহেল)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ফ্যাক্স: ০২- ৫৮৩১৩৪০৫

ইমেইল: dg@jamuka.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।